ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯২৫
আগরতলা, ২৬ জানুয়ারি, ২০২৬

## প্রাক্তন সৈনিক সম্মেলন আয়োজিত

ত্রিপুরা সৈনিক কল্যাণ বোর্ডের উদ্যোগে আজ প্রজ্ঞাভবনের ১নং হলে প্রাক্তন সৈনিক সম্মেলন আয়োজিত হয়। অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব জি এ (পলিটিক্যাল) তরুণ কুমার দেববর্মা। মুখ্য অতিথির বক্তব্যে তিনি বলেন, সরকার ও প্রশাসন প্রাক্তন সৈনিক ও প্রয়াত প্রাক্তন সৈনিক পরিবারের পরিজনদের জন্য সহানুভূতিশীল। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন সৈনিক কল্যাণ বোর্ডের অধিকর্তা ক্যাপ্টেন পরমজিৎ সিং, এক্স সার্ভিসম্যান লিগের এইচ এফ ও পরেশ চন্দ্র সাহা, এক্স এসিস্ট্যান্ট ডিরেক্টর মেজর পি কে সিনহা এবং প্রাক্তন সেনা সদস্যদের অবদান ভিত্তিক স্বাস্থ্য প্রকল্পের প্রতিনিধি কর্ণেল পি কে রায়। সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সৈনিক কল্যাণ বোর্ডের সহকারি অধিকর্তা মেজর কাকলি ধর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কর্ণেল আর কে শর্মা। অনুষ্ঠানে সৈনিক কল্যাণ বোর্ড থেকে প্রাক্তন বীর শহীদ এর ১২ জন বিধবা স্ত্রীকে ১৫ হাজার টাকা করে আর্থিক অনুদান, ১৩ জন বিধবা স্ত্রীকে সেলাই মেশিন (পেনশনার), ৪ জন বিধবা (নন পেনশনার) বয়স্ক স্ত্রীকে কম্বল দেওয়া হয়েছে। অতিথিগণ মঞ্চে এই প্রয়াত সৈনিকদের স্ত্রীদের হাতে ঐসমস্ত সামগ্রী ও আর্থিক অনুদান তুলে দেন।

******